

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বাগতিপাড়া, নাটোর  
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৯০৯.০০০.০৬.০০৪.১৯.২৬৮

তারিখঃ ০৬ বৈশাখ ১৪২৫  
১৬ এপ্রিল ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গেজেট মঞ্জলবার, নভেম্বর ১৫, ২০১৬ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ দফা (ঙ) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা-২০১১ মোতাবেক অত্র বাগতিপাড়া উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন সমূহের নামের পার্শ্বে বর্ণিত শূণ্য পদে মহল্লাদার পদে নিয়োগের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়ন পরিষদের নাম	পদের নাম	পদের সংখ্যা	নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা	বেতন সর্ব সাকুল্যে	প্রয়োজনীয় যোগ্যতা
০১।	০১ নং পাকা ইউনিয়ন পরিষদ	মহল্লাদার	০৬ নং ওয়ার্ড ও ০৮ নং ওয়ার্ডে ০১টি করে পদ সর্বমোট=০২টি	১৮-৩০ বছর	৬,৫০০/-	শিক্ষাগত যোগ্যতাঃ অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। এবং শারীরিক যোগ্যতাঃ পুরুষ প্রার্থীর ক্ষেত্রে: (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে: (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
০২।	০২ নং জামনগর ইউনিয়ন পরিষদ	ঐ	০৭ নং ওয়ার্ড =০১টি পদ	১৮-৩০ বছর	৬,৫০০/-	ঐ
০৩।	০৫ নং ফাগুয়াড়দিয়াড় ইউনিয়ন পরিষদ	ঐ	০৭ নং ওয়ার্ড =০১টি পদ	১৮-৩০ বছর	৬,৫০০/-	ঐ

নিয়োগের শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং সংশ্লিষ্ট ওয়ার্ড বা ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- প্রার্থীকে যে কোন তফসিল ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, বাগতিপাড়া, নাটোর এর অনুকূলে ১০০/- (একশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (৩১/০৩/১৯ খ্রিঃ তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) বৈবাহিক অবস্থা (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) বিশেষ কোটার ক্ষেত্রে প্রার্থীর কোটার নাম উল্লেখসহ নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রার্থীকে স্বহস্তে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে (ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (খ) সদ্যতোলা সত্যায়িত ০৩ (তিন) কপি রজিন পাসপোর্ট সাইজের ছবি। (গ) চারিত্রিক সনদপত্রের মূলকপি (ঘ) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (ঙ) জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (৬) বিশেষ কোটার প্রার্থী হলে প্রয়োজনীয় প্রমাণ পত্র/সনদপত্র (৭) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ (দশ) টাকার টিকেট যুক্ত ৪.৫"X১০" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।

- ০৬। ছবি ও সনদপত্রাদির সত্যায়নের ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
- ০৭। আবেদনপত্র আগামী ০৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০টার মধ্যে সরাসরি/ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাতে হবে।
- ০৮। আবেদনপত্র সংক্রান্ত যাবতীয় তথ্য বাগতিপাড়া উপজেলার ওয়েব পোর্টাল [www.bagatipara.natore.gov.bd](http://www.bagatipara.natore.gov.bd) এর নোটিশ বোর্ড এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পাওয়া যাবে।
- ০৯। আবেদনপত্রের উপর কোন সুপারিশ গ্রহণযোগ্য নয়।
- ১০। অসম্পূর্ণ ক্রটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১১। আবেদনপত্র বাতিল বা গ্রহণ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সকল কোটা ও বিধি অনুসরণ করা হবে।
- ১৪। প্রার্থীর কোন কোটা সুবিধার আওতায় আবেদন করলে খামের উপর তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ১৫। কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-  
 (মোছাঃ নাসরিন বানু)  
 উপজেলা নির্বাহী অফিসার  
 বাগতিপাড়া, নাটোর  
 ফোন নং- ০৭৭২২-৭২০০১।  
 ই-মেইল- unobagatipara@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৯০৯.০০০.০৬.০০৪.১৯. ২৬৫


তারিখঃ ০৬ বৈশাখ ১৪২৫  
২৬ এপ্রিল ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলোঃ

- ০১। জেলা প্রশাসক, নাটোর।  
 ০২। পুলিশ সুপার, নাটোর।  
 ০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর।

অনুলিপি অবগতি ও উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ প্রেরিত হলোঃ

- ০১। উপজেলা ..... অফিসার, বাগতিপাড়া, নাটোর।  
 ০২। সহকারী প্রোগ্রামার, বাগতিপাড়া, নাটোর। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।  
 ০৩। চেয়ারম্যান..... ইউপি বাগতিপাড়া, নাটোর।

  
 ২৬.০৪.১৯  
 উপজেলা নির্বাহী অফিসার  
 বাগতিপাড়া, নাটোর  
 ফোন নং- ০৭৭২২-৭২০০১।

ই-মেইল- unobagatipara@mopa.gov.bd